দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 17 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

23

## মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে আজ চট্টগ্রামে প্রতিবাদ সভা বিক্ষোভ মিছিল

**চট্টগ্রাম ব্যুরো ঃ** সম্মিলিত মাদ্রাসা সংগ্রাম পরিষদ চট্টগ্রামের উদ্যোগে মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে এবং কওমী মাদ্রাসাসমূহের ছাত্র-শিক্ষকদের ওপর অহেতুক নির্যাতন বন্ধ ও কোরআন অবমাননাকারীদের শাস্তির দাবীতে প্রতিবাদ সভা এ বিক্ষোভ মিছিল আজ (মঙ্গলবার) দুপুর ২টায় ঐতিহাসিক লাল দীঘি ময়দানে অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন ওয়াজেদিয়া আলীয়া মাদ্রাসা চট্টগ্রামের প্রতিষ্ঠাতা ও সাবেক প্রিন্সিপাল আল্লামা আতিকুল্লাহ খান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন দারুল উলুম মঈনুল ইসলাম মাদ্রাসা হাটহাজারীর মহাপরিচালক হযরতুল আল্লামা আহমদ শফি। বক্তব্য রাখবেন, আল্লামা হারুন ইসলামবাদী, মোজাহের আহমদ, আল্লামা সুলতান জওক নদভী, আল্লামা কুতুবউদ্দিন পীর সাহেব বায়তুশ শরফ, আব্দুল মালেক হালিম, প্রিন্সিপাল মাওলানা মুহাম্মদ মুসলেহ উদ্দীন প্রমুখ।